

মঞ্জুরি কমিশনের রিপোর্ট

২০০৩ সালে ৪টি বেসরকারী ভার্টিসিটে কোন শিক্ষার্থী ছিল না

সংসদ রিপোর্টার ৪ দেশে ২০০৩ সালে ৪টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ে কোন শিক্ষার্থীই ছিলো না। বিভিন্ন বিষয়ের অনুমোদন দেয়া সত্ত্বেও এই শিক্ষাবর্ষে আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি, ডিট্রোরিয়া ইউনিভার্সিটি অব বাংলাদেশ, রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকা এবং ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ- এই ৪টি বিশ্ববিদ্যালয়ে কোন শিক্ষার্থী ভর্তি হয়নি।

গতকাল (শুক্রবার) জাতীয় সংসদে উপস্থাপিত ২০০৩ সালের বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের রিপোর্টে এই তথ্য জানানো হয়। শিক্ষামন্ত্রী ডঃ এম এনসামুল হক রিপোর্টটি সংসদে উপস্থাপন করেন।

রিপোর্টে দেশের বেসরকারী বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষার মানান অসঙ্গতি ও মান না থাকার কথা উল্লেখ করে বলা হয়, সেখানে শিক্ষার্থীরা মানসম্মত শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে।

রিপোর্টে আরো বলা হয়, ২০০৩ সালে ৫২টি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের মধ্যে এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এ সর্বোচ্চ ৬ হাজার ৩৩৫ জন শিল্পী শিক্ষা গ্রহণ করে। একই বছরে সবচেয়ে কম শিক্ষার্থী ছিলো দি মিলেনিয়াম ইউনিভার্সিটিতে। তাদের শিক্ষার্থী সংখ্যা ছিল মাত্র ১৩ জন। বেসরকারী বিশ্ববিদ্যালয়ের পরিচালনার ক্ষেত্রে ক্রটি-বিচ্যুতি থাকলে সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।